

ইছলামী ‘আক্বীদাহ্‌র (ঈমানের) মূল ভিত্তি কয়টি ও কি কি?

ইছলামী ‘আক্বীদাহ্‌র (ঈমানের) মূল ভিত্তিসমূহ ছয়টি। যথা:- (১) আল্লাহ্‌র প্রতি বিশ্বাস (২) ফিরিশতাগণের প্রতি বিশ্বাস (৩) কিতাব সমূহের প্রতি বিশ্বাস (৪) রাছুলগণের প্রতি বিশ্বাস (৫) শেষ দিনের প্রতি বিশ্বাস (৬) তাক্বদীরের ভালো-মন্দের প্রতি বিশ্বাস।

ঈমানের এই ছয়টি মূলভিত্তি সম্পর্কে অনেক সাহীহ্‌ হাদীছ বর্ণিত রয়েছে। তন্মধ্যে সেই সুপ্রসিদ্ধ সাহীহ্‌ হাদীছটি বিশেষভাবে উল্লেখযোগ্য, যা ইমাম মুছলিম রহিমুল্লাহ স্বীয় সাহীহ্‌ হাদীছ গ্রন্থে ধারাবাহিক ছন্দে (বর্ণনাধারায়) আমীরুল মু’মিনীন ‘উমার ইবনুল খাত্তাব রাযি হতে বর্ণনা করেছেন। উক্ত হাদীছে বর্ণিত রয়েছে যে, জিবরাঈল আলয়হিস সালাম যখন রাছুলকে সালাম ঈমান সম্পর্কে জিজ্ঞেস করেছিলেন, তখন রাছুল সালাম উত্তরে বলেছিলেন:- ঈমান হলো আল্লাহ্‌র প্রতি, তাঁর মালাইকাহ্‌দের (ফিরিশতাগণের) প্রতি, তাঁর কিতাব সমূহের প্রতি, তাঁর রাছুলগণের প্রতি, আখিরাতেের প্রতি এবং ভাগ্যের ভাল মন্দের প্রতি বিশ্বাস স্থাপন করা।

উপরোক্ত হাদীছটি ইমাম বুখারী ও ইমাম মুছলিম রহিমুল্লাহ স্ব স্ব সাহীহ্‌ হাদীছ গ্রন্থে ধারাবাহিক ছন্দে আবু হুরায়রাহ রাযি থেকেও বর্ণনা করেছেন।